

প্রেস রিলিজ

করোনাকে ঘিরে জনমনে ব্যাপক আতঙ্কের জন্ম হয়েছে, অপবাদের ঘটনাও ঘটছে। আতঙ্ক আর অপবাদকে মোকাবেলা না করে শুধু চিকিৎসা আর অর্থনৈতিক প্রণোদনা দিয়ে করোনা মহামারিকে মোকাবেলা দুরূহ হয়ে উঠবে। বাংলাদেশে করোনাকে ঘিরে আতঙ্ক আর অপবাদের চরিত্রটিকে বুঝবার জন্য ইংল্যান্ডের সাসেক্স বিশ্ববিদ্যালয়ের ড.

শাহাদুজ্জামান এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের ড. সুমন রহমান যৌথভাবে একটি সংক্ষিপ্ত গবেষণা করেছেন। গবেষণাটি বাংলাদেশে সুশীল সমাজের প্লাটফর্ম বাংলাদেশ হেলথ ওয়াচ এর সহযোগিতায় পরিচালিত হয়।

তারা বাংলাদেশে এই করোনা কেন্দ্রিক ভয় এবং অপবাদের গতিবিধি খুঁজতে গিয়ে ছয়টি ধাপে এর বিকাশ ঘটতে দেখেছেন। প্রথম ধাপে একটা ভ্রান্ত নিরাপত্তাবোধ তৈরি হয়, করোনা যখন অন্যান্য দেশে ছড়াচ্ছে। দেশবাসির মধ্যে এমন বৈজ্ঞানিক ও ধর্মীয় অনুমান ছড়িয়ে পড়ে যে, এটি অন্যদেশের রোগ, তাদের পাপাচার ও খাদ্যাভ্যাসের ফল, আমাদের এখানে এমন হবে না। আবার বলা হয়, এই গরম আবহাওয়ায় করোনা জীবাণু টিকতে পারবে না। ফলে, জনগণ এক ভ্রান্ত নিরাপত্তার বায়বীয় চাদরে মুড়ে অপ্রস্তুত হয়ে বসে রইল। দ্বিতীয় ধাপে দেখি, বিদেশীরা আসছে, তারা কোয়ারেন্টাইন এড়িয়ে দেশের আনাচে কানাচে করোনাসহ ছড়িয়ে পড়ছে। প্রসাশন থেকে প্রবাসীদের বাড়িগুলোকে পতাকা টানিয়ে বা বিশেষভাবে চিহ্নিত করা হয়। তখন আমরা সমাজে প্রবাসীকেন্দ্রিক একটা আতংক ও স্টিগমা তৈরি হতে দেখি। পরে কম্যুনিটি সংক্রমণ ঘটে গেলে আতংক ক্রমে সুনির্দিষ্ট চেহারা হারিয়ে ফেলে।



SECRETARIAT:

BRAC JPG School of Public Health, BRAC University
68 Shahid Tajuddin Ahmed Sharani
5th Floor, icddr.b Building
Mohakhali, Dhaka-1212, Bangladesh
Phone: 880-2-9827501-4
Fax: +880 2 58810383; Email: bhw@bracu.ac.bd

তখন প্রতিটি মানুষকেই সম্ভাব্য করোনাবাহক হিসেবে সন্দেহ করবার পরিস্থিতি তৈরি হয়। এরই মধ্যে যখন বেশ কয়েকটি বিশাল জমায়েত ঘটে গেল নানান জায়গায়, তাতে বোঝা গেল তৃণমূল পর্যায়ে করোনা বিষয়ে মানুষের কোনো মাথাব্যথাই নেই। সেটি সচেতন মানুষের জন্য আরো ভয়ের কারণ হয়ে এল।

অপবাদের একটা ভয়ঙ্কর সংস্কৃতি নানান এলাকায় তৈরি হতে দেখা যাচ্ছে। করোনা রোগী এবং স্বাস্থ্যকর্মীরা এখন এই অপবাদের শিকার হচ্ছেন। তাদের বাড়িঘরে হামলা করা হচ্ছে, তাড়িয়ে দেয়া হচ্ছে। ফলে, মানুষ এখন করোনা-আক্রান্ত হলেও চিকিৎসা নিতে ভয় পাচ্ছে। স্বাস্থ্যকর্মীরা নিরুৎসাহিত হচ্ছেন। আক্রান্ত রোগীকে ফেলে পালাচ্ছে স্বজনরা, আক্রান্ত নিজেই আইসোলেশন থেকে পালিয়ে যাচ্ছে। এসবই ঘটছে সামাজিকভাবে নিগূহিত হবার ভয় থেকে। ক্রমশ ব্যাপক আকার ধারণ করেছে এই ভয়। এতে করোনার সাথে লড়াইয়ে আমরা ক্রমশ পিছিয়ে পড়ছি।

এই মুহূর্তে জরুরিভাবে এই আতংক ও অপবাদের সংস্কৃতিকে প্রতিরোধ করা দরকার। দরকার সমন্বিত পরিকল্পনা: জাতীয় পর্যায়ে, কমিউনিটি পর্যায়ে এবং ব্যক্তি পর্যায়ে। করোনা-আক্রান্ত ব্যক্তিদের পাশে দাঁড়াতে হবে সবাইকে। প্রশাসনিক সহায়তায় একটা অপবাদ প্রতিরোধী দল তৈরি করতে হবে, যাতে থাকবেন রাজনীতিবিদ, সমাজকর্মী, ধর্মীয় নেতা এবং জনপ্রশাসক। গণমাধ্যমে উপযুক্ত তথ্য ও নির্দেশনা দিয়ে সচেতন করতে হবে মানুষকে। খুব সতর্কভাবে এই বার্তাগুলো তৈরি করতে হবে এবং ছড়িয়ে দিতে হবে। অবাধ তথ্য যেমন নিশ্চিত করতে হবে, পাশাপাশি গুজবের ব্যাপারেও জিরো টলারেন্স থাকতে হবে। ঘরবন্দী মানুষ বিশাল অর্থনৈতিক ও মনস্তাত্ত্বিক চাপের মধ্যে আছে।



SECRETARIAT:

BRAC JPG School of Public Health, BRAC University
68 Shahid Tajuddin Ahmed Sharani
5th Floor, icddr.b Building
Mohakhali, Dhaka-1212, Bangladesh
Phone: 880-2-9827501-4
Fax: +880 2 58810383; Email: bhw@bracu.ac.bd

BANGLADESH HEALTH WATCH

তাদের সঠিক বার্তাগুলো জানিয়ে দেয়ার মাধ্যমেই আমরা আতঙ্ক আর
অপবাদের মহামারি থেকে নিজেদের বাঁচাতে পারি। কাজটি জরুরি এবং এখুনি
করা দরকার।



SECRETARIAT:

BRAC JPG School of Public Health, BRAC University
68 Shahid Tajuddin Ahmed Sharani
5th Floor, icddr.b Building
Mohakhali, Dhaka-1212, Bangladesh
Phone: 880-2-9827501-4
Fax: +880 2 58810383; Email: bhw@bracu.ac.bd